



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং বিঅ-৬/

তারিখ :

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক অস্থায়ী স্বীকৃতি প্রদান

সূত্র : ২৮-১১-২০১৮ খ্রি. তারিখের বিদ্যালয় মঞ্জুরি কমিটির ৫৩ তম সভার সিদ্ধান্ত

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানান যাচ্ছে যে, নিজস্ব জমিতে বিদ্যালয় স্থানান্তর করা এবং নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে ০১-০১-২০১৮ খ্রি. তারিখ হতে ৩১-১২-২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন সাতক্ষীরা পাবলিক স্কুলটিকে নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে একাডেমিক স্বীকৃতি (অস্থায়ী স্বীকৃতি) প্রদান করা হ'ল-

আরোপিত শর্তসমূহ

- ১। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
- ২। প্রতিষ্ঠানের নিজস্ব কম্পিউটার ল্যাব/কম্পিউটার সচল থাকতে হবে এবং যাবতীয় কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করতে হবে
- ৩। আগামী জে.এস.সি পরীক্ষায় পাশের হার এবং সংখ্যা কাম্য অংকে উন্নীত করতে হবে
- ৪। বিদ্যালয়ে পাঁচ সদস্যের অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন পূর্বক প্রতি ছয় মাস অন্তর আয়-ব্যয়ের হিসাব অডিট পূর্বক পরবর্তী স্বীকৃতি নবায়নের সঙ্গে সমুদয় অডিট রিপোর্ট দাখিল করতে হবে, অন্যথায় পরবর্তীতে স্বীকৃতি নবায়ন করা হবে না; বোর্ড কর্তৃপক্ষ যে কোন সময় উক্ত অডিট রিপোর্ট তলব করলে জমা দিতে হবে
- ৫। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে
- ৬। অস্থায়ী স্বীকৃতির পত্র ইস্যুর তারিখ হতে আগামী ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রবিধান মালা ২০০৯ এর ০৭ ধারা মোতাবেক ম্যানেজিং কমিটি গঠন করে অনুমোদনের জন্য নির্ধারিত ফিসসহ অত্র বোর্ডে দাখিল করতে হবে; যে সকল বিদ্যালয়ে অনুমোদিত ম্যানেজিং কমিটি আছে তাদের ক্ষেত্রে শর্তটি প্রযোজ্য হবে না
- ৭। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
- ৮। বোর্ডের পূর্বনুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোন ক্রমেই উত্তোলন করা যাবে না
- ৯। জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে
- ১০। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের লেখাপড়ার মান উন্নয়ন করতে হবে
- ১১। কন্ট্রিবিউটরি প্রতিডেড ফান্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দের বিধিমোতাবেক যে পরিমাণ চাঁদা কর্তন করবেন বিদ্যালয় কর্তৃপক্ষও সমপরিমাণ অর্থ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর তহবিলে জমা করবেন

একাডেমিক স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর নিম্নে আরোপিত শর্তসমূহ পূরণপূর্বক একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পাওয়া গেলে বিধিমোতাবেক পরবর্তী স্বীকৃতির বিষয় বিবেচিত হবে-

স্ব.

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন ৪ ০৪২১- ৬৮৬৩৪

প্রধান শিক্ষক

সাতক্ষীরা পাবলিক স্কুল

ডাকঘর : সাতক্ষীরা, উপজেলা : সাতক্ষীরা সদর, জেলা : সাতক্ষীরা

স্মারক নং বিঅ-৬/ ৪৪০১(১-৭০)

অবগতির জন্যে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড, পলাশী নীলক্ষেত, ঢাকা-১২০৫
- ৩। উপ-পরিচালক, (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৪। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা সদর, জেলা : সাতক্ষীরা
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। পি. এস. টু. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৮। মাধ্যমিক নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৯। মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১০। সংরক্ষণ নথি।

তারিখ : ০৬/০১/১৮

০৬.০১.১৮